

# মহিউদ্দিন রনির বিরুদ্ধে সাইবার অ্যাক্টে মামলা ঢাকা কলেজ শিক্ষার্থীদের

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২০:৪৪, ৪ সেপ্টেম্বর ২০২৫



ছবি: দৈনিক জনকণ্ঠ।

ঢাকা বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় ছাত্র সংসদ (ডাকসু) নির্বাচনের সহ-সাধারণ সম্পাদক (এজিএস) পদে স্বতন্ত্র প্রার্থী মহিউদ্দিন রনির বিরুদ্ধে সাইবার অ্যাক্টে মামলা দায়ের করেছেন ঢাকা কলেজের শিক্ষার্থীরা।

×

×

বৃহস্পতিবার (৪ সেপ্টেম্বর) ঢাকা কলেজে সংবাদ সম্মেলনের পর  
দুপুরে শাহবাগ থানায় এ মামলা করেন তারা। কলেজের শিক্ষার্থী  
কেফায়েত হোসেন বাদী হয়ে এ মামলা করেন।

সংবাদ সম্মেলনে কলেজের শিক্ষার্থী নাইম হাওলাদার বলেন, "গতকালকে মহিউদ্দিন রনি যে ভিডিওটি প্রকাশ করেছে, সেখানে স্পষ্টভাবে দেখা যায় একজন শিক্ষার্থীকে ঢাকা কলেজের শিক্ষার্থী হিসেবে নাটকীয়ভাবে পরিচয় করিয়ে দেয়। পূর্বের মতো ঢাকা কলেজ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাথে মৌন সম্পর্ক ছিন্ন করার চেষ্টা করেছে। এর পূর্বেও আমরা মহিউদ্দিন রনিকে দেখেছি বিভিন্নভাবে ঢাকা কলেজকে নিয়ে কটুক্তিমূলক কথা বলেছে। সেসময় আমরা বিভিন্নভাবে প্রতিবাদ করার চেষ্টা করেছি।"

তিনি আরও বলেন, "গতকাল মহিউদ্দিন রনি উদ্দেশ্য প্রণোদিতভাবে একটি কাজ করে তা ফেসবুকে আপলোড করেছেন। পরে আবার ঢাকা কলেজের শিক্ষার্থী পরিচয়ে আরেকটি ভিডিও প্রকাশ করেন, যা প্রতিষ্ঠানের সুনাম ক্ষুণ্ণ করেছে। এ ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাই। আজ শাহবাগ থানায় গিয়ে তার বিরুদ্ধে মামলা করা হবে, যাতে প্রশাসন দৃষ্টান্তমূলক শাস্তি দিতে পারে।"

মামলা দায়েরের পর ঢাকা কলেজের শিক্ষার্থী কেফায়েত হোসেন বলেন, "সংবাদ সম্মেলনের পর আমরা মহিউদ্দিন রনির বিরুদ্ধে শাহবাগ থানায় সাইবার সিকিউরিটি আইনে মামলা করে আইনি প্রক্রিয়া সম্পূর্ণ করেছি। এ মামলার ফলাফল কী আসবে না আসবে সেটা দেখার বিষয় না। তবে আমরা একজন ভিউ ব্যবসায়ী প্রতারণার বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণ করেছি। যেটা ইতিহাস হয়ে থাকবে। ঢাকা কলেজের সম্মানে যারাই আঘাত করবে তাদের আমরা প্রতিহত করবো।"

×

শাহবাগ থানার ডিউটিরত পুলিশ কর্মকর্তা জানিয়েছেন, "ঘটনাটি গুরুত্বের সঙ্গে দেখা হবে এবং বিস্তারিত তদন্ত করা হবে। তদন্ত শেষে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।"

উল্লেখ্য, গতকাল বিকালে মহিউদ্দিন রনির ফেইসবুক পেইজে দেওয়া একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়। সেখানে দেখা যায়, ডাকসুর ছাত্রদের প্যানেলের সদস্য পদপ্রার্থী মো. হাসিবুর রহমান সাকিবের পক্ষে এক বহিরাগত যুবক ঢাবি ক্যাম্পাসে লিফলেট বিতরণ করছেন। ভিডিওতে ওই বহিরাগতকে ঢাকা কলেজ শিক্ষার্থী হিসেবে পরিচয় দেওয়া হয়েছে। তিনি আসলে কলেজটির কেউ নন।

জানা গেছে, ওই শিক্ষার্থীর নাম মনিরুজ্জামান। তার বাড়ি জামালপুর জেলায়। তিনি জামালপুরের ইসলামপুর কলেজের পড়াশোনা করেন। বর্তমানে ঢাকায় লিফলেট বিতরণের কাজ করেন এবং আজিমপুরের রসুলবাগ শিশু পার্কের গলিতে বসবাস করেন।